# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
### ৮০তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১১ জুন ২০১৪ ইং

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ* গত ১৪ মে তারিখের একজিকিউটিভ কমিটির ৭৯তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ* মেজর শের মোহাম্মদ খান (অবঃ) এবং মেজর জাফর উল্লাহ খান (অবঃ) এর আবেদন পত্রের বিষয়বস্তু নিয়ে আলোচনা করা হয়। অত্র ডিওএইচএস এলাকার বাড়ীগুলোতে গার্ড/কাজের বুয়া/কেয়ারটেকার/ড্রাইভার নিয়োগ দেয়া হয়ে থাকে। অনেক সময় দেখা যায় নিয়োগকৃত গার্ড/কাজের বুয়া/ কেয়ারটেকার/ড্রাইভারগন তাদের সুবিধা অনুযায়ী কর্মস্থল ত্যাগ করেন। এজন্য যখন কোন বাড়ীতে গার্ড/কাজের বুয়া/কেয়ারটেকার/ড্রাইভারকে নিয়োগ দেয়া হয় তখন তাদের শর্তসাপেক্ষে নিয়োগ দেয়া উচিত বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। কোন বাড়ীর গার্ড/কাজের বুয়া/কেয়ারটেকার/ড্রাইভার তাদের কর্মস্থল ত্যাগ করলে এবং ডিওএইচএস বারিধারার অন্য কোন বাড়ীতে চাকুরী নিলে অত্র পরিষদ হস্তক্ষেপ করবেনা এবং এ ব্যাপারে কোন কার্যক্রম গ্রহণ করবেনা মর্মে সভার সকলে একমত পোষন করেন। তবে কোন কেয়ারটেকার বা নিরাপত্তা প্রহরী যদি অসাদাচরণ করে ও অন্যের অসুবিধা সৃষ্টি করে তাহলে তার বিরুদ্ধে পরিষদ কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করবে। এবারের মত কেয়ারটেকার রানার বিরুদ্ধে আনীত অভিযোগ আমলে নিয়ে তাকে ডিওএইচএস হতে বহিস্কার করা হয়েছে। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকার ১০ নম্বর রোডের পূর্ব দিকে মিনি শিশু পার্ক স্থাপন নিয়ে আলোচনা করা হয়। কিছু সিনিয়র অফিসারগণের অনুরোধক্রমে শিশু পার্কটি পরিস্কার-পরিচ্ছন্নসহ যে অকেজো দোলনাটি রয়েছে তা মেরামত করা এবং আরও ৪টি নতুন সামগ্রী ক্রয়ের পরিকল্পনা করা হয়েছে। এ ব্যাপারে ৫৮,০০০.০০ (আটান্ন হাজার) টাকার প্রয়োজন যা অত্র সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার হল বুকিং নীতিমালা নিয়ে আলোচনা করা হয়। নীতিমালা অনুযায়ী কনভেনশন সেন্টারে যে সকল অনুষ্ঠান করার অনুমতি রয়েছে সে সকল অনুষ্ঠান ব্যতীত অন্য কোন অনুষ্ঠান করা যাবে না। জনৈক ব্যক্তির অনুরোধক্রমে রমজান মাসে একটি বিয়ে অনুষ্ঠানের আয়োজনে অত্র পরিষদের কোন আপত্তি নাই তবে পূজা/মন্ডব করার বিষয়টি সভায় অনুমোদিত হয়নি। | কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* নোটশীট-১০৩, তারিখ ০২ জুন ২০১৪ এর ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। টেন্ডারের মাধ্যমে বারিধারা ডিওএইচএস এলাকার পুরাতন কাগজ ও আসবাবপত্র ক্রয় এবং গার্বেজ অপসারণের জন্য জনাব মোঃ সফিকুল ইসলাম ০১ আগষ্ট ২০১৩ পরিষদের সাথে চুক্তিপত্রে আবদ্ধ হয়। চুক্তিপত্রের শর্তানুযায়ী কার্যক্রম গ্রহণ না করায় এবং শর্ত ভঙ্গ করায় উক্ত ঠিকাদারের চুক্তি বাতিল করতঃ নতুন ঠিকাদার মোঃ আলমগীর হোসেনকে ০৪ জুন ২০১৪ হতে ৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত নিয়োগ দেয়া হয় যা সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ঃ* বারিধারা ডিওএইচএস এ্যাম্বুলেন্স সার্ভিসের সময়সূচী ও ভাড়ার হারের ব্যাপারে আলোচনা করা হয়। প্রনয়নকৃত নীতিমালা ও ভাড়ার হার ইসি কর্তৃক অনুমোদিত হয়। | সভাপতি/ সেক্রেটারী |

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭* ঃ বারিধারা ডিওএইচএস পুকুরের উত্তর-পশ্চিম কর্ণারে একটি সেড নির্মাণের ব্যাপারে আলোচনা করা হয় এবং অনুমোদিত হয়।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদে প্রতিমাসে ২ বার অত্র এলাকার বাসিন্দাদের বিনোদনের জন্য তাম্বুলার আয়োজন করা হবে। সীট বিক্রয়লব্ধ অর্থ ছাড়া পুরস্কারের অর্থ ও স্ন্যাক্সের আয়োজন পরিষদ হতে সংকুলান করা হবে।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৯ ঃ* বারিধারা ডিওএইচএস পুকুর পাড়ের চারপাশের ৫৪০ মিটার হাঁটার রাস্তায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক টাইলস স্থাপনের বিষয়টি সভাপতি সকল ইসি সদস্যকে অবহিত করেন।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১০ ঃ* বারিধারা ডিওএইচএস এর গেইট সমূহ দিয়ে গাড়ী চলাচলের সময়সূচী নিয়ে আলোচনা করা হয়। অনন্যা গেইট দিয়ে ভোর ৫টা হতে রাত ১২টা পর্যন্ত গাড়ী ভিতর হতে বাহিরে যেতে পারবে। রাত ১ টার সময় গেইট বন্ধ করে দিতে হবে। রাত ১০.৩০ মিনিট হতে রাত ১টা পর্যন্ত বারিধারা ডিওএইচএস স্টীকার এবং ষ্টেশন হেড কোয়ার্টারস, ঢাকা এর স্টীকার সম্বলিত গাড়ী গেইট দিয়ে প্রবেশ করতে পারবে। স্টীকার বিহীন গাড়ী রাত ১২টা পর্যন্ত বাইপাস রোড দিয়ে ডিওএইচএস এ প্রবেশ করবে এবং রাত ১২ টার থেকে ভোর ৫টা পর্যন্ত বাইপাস রোড বন্ধ থাকবে। বারিধারা গেইট দিয়ে ভোর ৫টা হতে রাত ১২টা পর্যন্ত গাড়ী যাওয়া আসা করতে পারবে। রাত ১২টায় গেইট বন্ধ করা হলেও ১২টা হতে রাত ১টা পর্যন্ত শুধুমাত্র স্টীকারযুক্ত গাড়ী ভিতরে প্রবেশ করতে পারবে এবং রাত ১টা হতে ভোর ৫টা পর্যন্ত কোন গাড়ী ভেতরে প্রবেশ/বাহির হবে না। স্কুল গেইটটি ২৪ ঘন্টা খোলা থাকবে। রাত ১০.৩০ মিনিট হতে বারিধারা ডিওএইচএস স্টীকার, ষ্টেশন হেড কোয়ার্টারস, ঢাকা এর স্টীকার যুক্ত গাড়ী বটতলা হতে ডিওএইচএস প্রবেশ করতে পারবে এবং বিএসআই হতে ষ্টাফ রোডের সড়কটি আসা ও যাওয়ার জন্য ব্যবহার করা যাবে। স্টীকার বিহীন অতিথিদের গাড়ী যে বাড়ীতে যাবে সেখানে টেলিফোনে নিশ্চিত হয়ে গাড়ী ছাড়তে হবে। হাসপাতালে গমনকারী এ্যাম্বুলেন্স/রোগীসহ গাড়ী যে কোন সময় সকল গেইট দিয়ে যাওয়া-আসা করতে পারবে।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ* বারিধারা ডিওএইচএস বাসিন্দাদের অনেক অতিথি অত্র এলাকায় আসে তাই অতিথিদের গন্তব্যস্থল নির্দিষ্ট করণের জন্য বাড়ী নম্বর, রোড নম্বর, উল্লেখিত ব্যক্তির নাম, মোবাইল নম্বর ইত্যাদি তথ্য সঠিকভাবে জানার জন্য প্রতিটি গার্ড পোস্টে একটি করে Members' Directory রাখার ব্যাপারে আলোচনা হয় এবং সভার সকলে একমত পোষন করেন। নিরাপত্তা প্রহরীরা ওই সময় থেকে টেলিফোন ব্যবহার করতে পারবে তবে ব্যক্তিগত কল করা যাবেনা।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ* বারিধারা ডিওএইচএস এর বাস্কেট বল গ্রাউন্ডে ফুটবল খেলার বিষয় নিয়ে আলোচনা করা হয়। বাস্কেট বল গ্রাউন্ডে কোন অবস্থাতেই ফুটবল খেলা যাবে না। ভাইস প্রেসিডেন্ট ও কনভেনার, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে একটা সভা করে সমস্যাদি সমাধানের উদ্যেগ নেবেন।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ* বারিধারা ডিওএইচএস স্কুল (BSI) এর নির্মাণ কাজের ব্যাপারে সদর দপ্তর লজিস্টিকস এরিয়া, ঢাকা সেনানিবাস কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তা নিয়ে আলোচনা করা হয়। বিএসআই এর সদস্য ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) উপস্থিত সকল সদস্যগনকে গৃহীত সিদ্ধান্ত সঠিকভাবে বাস্তবায়ণের আশ্বাস প্রদান করেন। এছাড়া বিএসআই স্কুলের সামনে ১টি Footover bridge এবং ১নং রোড হতে স্কুল গেইট পর্যন্ত একটি ফুটপাত নির্মাণ উক্ত স্কুলের অর্থায়ন ও ব্যবস্থাপনায় সম্পাদন করার চেষ্টা করবেন মর্মে উপস্থিত ইসি সদস্যগনকে অবহিত করেন।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের অফিস সহকারী আশিষ সিকদার ও মোঃ ইব্রাহিম খলিল অফিসের অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করায় এবং কাজের দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনা করে ইসি কমিটি ০২ জনকে জুন ২০১৪ হতে প্রতিমাসে ১,০০০.০০ (এক হাজার) টাকা করে বেতনের সাথে ভাতা হিসেবে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা সভায় অনুমোদিত হয়। কখনও অফিস সুপারকে নিয়োগ দেয়া হলে উক্ত বর্ধিত ভাতা প্রদান করা যাবেনা।

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫ ঃ* বারিধারা ডিওএইচএস লেডিস ক্লাব সাব-কমিটির সাপ্তাহিক সভার আপ্যায়ন খরচের ব্যাপারে আলোচনা করা হয়। লেডিস ক্লাব সাব-কমিটিকে পরিষদ হতে আপ্যায়ন খরচ বাবদ প্রতি সপ্তাহে ৩০০.০০ (তিনশত) টাকা দেয়া হয়। বর্তমানে লেডিস ক্লাব সদস্য সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ৩০০.০০ টাকা আপ্যায়ন খরচ হিসেবে যথেষ্ট নয় বিধায় লেডিস ক্লাব সাব-কমিটির কনভেনার ডাঃ পারভীন হক চৌধুরী ৩০০.০০ টাকার পরিবর্তে ৫০০.০০ টাকা করার আবেদন করেন। উপস্থিত ইসি সদস্যগনের সর্বসম্মতিক্রমে জুন ২০১৪ হতে সাপ্তাহিক ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে মাসিক ২,০০০.০০ (দুই হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়াও লেডিস ক্লাবের জন্য কিছু ক্রোকারিজ এবং কাটলারিজ ক্রয় করার প্রস্তাব অনুমোদিত হয়। | কনভেনার, লেডিস ক্লাব সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৬ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের একজিকিউটিভ কমিটির সদস্যগনকে ক্রেস্ট দেয়ার ব্যাপারে আলোচনা হয় এবং কমিটির মেয়াদ শেষ হওয়ার পূর্বে সকল সদস্যগনকে একটি করে মানসম্পন্ন ক্রেস্ট দেয়ার সিদ্ধান্ত সভায় অনুমোদিত হয় যা বর্তমান কমিটি হতে কার্যকর হবে। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৭ ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের দক্ষিন পার্শ্বের গাড়ী পার্কিং স্থান ও এ পার্শ্বস্থ খালি জায়গা হার্ডষ্ট্যান্ডিং গ্রাউন্ড করার প্রস্তাব এজিএম-২০১৩ সভায় পরিষদের অর্থায়ণে সম্পন্ন করার অনুমোদন হয়। বর্তমানে উক্ত এলাকায় হার্ডষ্ট্যান্ডিং গ্রাউন্ডের কাজটি নির্মাণাধীন রয়েছে। এবি ব্যাংকের পিছনের অংশ ও দক্ষিন পার্শ্বের খালি জায়গা উক্ত কার্পেটিং কাজের সাথে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয় এবং বর্তমান কাজ সম্পন্ন হওয়ার পরে উক্ত কাজটি হাতে নেয়ার সিদ্ধান্ত হয়। উক্ত ২টি হার্ডষ্ট্যান্ড গ্রাউন্ড মানসম্মতভাবে সম্পূর্ণ করতে ৪,৮০,০০০.০০ টাকা খরচ হবে। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৮ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের নীচ তলার জন্য ২টি এসি ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়। মুসল্লিদের অনুরোধে মসজিদের নীচ তলায় ২টি এসি লাগানোর বিষয়টি সভায় উত্থাপিত হয় এবং তা অনুমোদিত হয়। কার্পেট ক্রয়ের প্রস্তাব এজিএম-২০১৩ তে উত্থাপিত হলে তা অনুমোদিত হয়। | কনভেনার, মসজিদ সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৯ ঃ* বারিধারা ডিওএইচএস সিএসডি সংলগ্ন প্রজাপতি সেডটি ভেঙ্গে ফেলা এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। সিএসডি সংলগ্ন প্রজাপতি সেডটি নোংরা আবর্জনাযুক্ত অবস্থায় রয়েছে। সেডটি না ভেঙ্গে দৃষ্টিনন্দন কোন কিছু করা যায় কিনা সে ব্যাপারে আলোচনা হয়। | সভাপতি/মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -২০ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ ঃ ১৯ জুন ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ ঃ ১৭ জুন ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য